

খুবির কেন্দ্রীয় লাইব্রেরিতে বৈশ্বিক মানসম্পন্ন পরিবেশ গড়ে তোলা হবে

আরিফুর রহমান, খুলনা

প্রকাশিত: ১৯:২৩, ১৮ ফেব্রুয়ারি ২০২৬



//

ছবি: জনকণ্ঠ

খুলনা বিশ্ববিদ্যালয়ে '২৫ ব্যাচের শিক্ষার্থীদের জন্য লাইব্রেরি ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রাম শুরু হয়েছে। 'এনহ্যান্সিং ডিজিটাল অ্যাক্সেস এন্ড ইনফ্রাস্ট্রাকচার ফর অ্যান ইনক্লুসিভ এন্ড মডার্ন লার্নিং এনভায়রনমেন্ট অ্যাট খুলনা ইউনিভার্সিটি সেন্ট্রাল লাইব্রেরি' শীর্ষক হিট সাব-প্রকল্পের আওতায় এ আয়োজন করা হয়।

১৮ ফেব্রুয়ারি (বুধবার) সকাল ১০টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম কেন্দ্রীয় গ্রন্থাগারের কম্পিউটার ল্যাবে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য প্রফেসর ড. মোঃ রেজাউল করিম।

উপাচার্য বলেন, লাইব্রেরি একটি বিশ্ববিদ্যালয়ের প্রতিচ্ছবি। একটি বিশ্ববিদ্যালয় কতটা সমৃদ্ধ তা তার লাইব্রেরি দেখলেই

বোঝা যায়। তাই বিশ্ববিদ্যালয় সম্পর্কে জানতে হলে আগে লাইব্রেরি সম্পর্কে জানতে হবে। শিক্ষার্থীদের নিয়মিত লাইব্রেরিতে এসে সুযোগ-সুবিধা ব্যবহার করতে হবে।

তিনি বলেন, খুলনা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি এখন অনেকটাই ডিজিটলাইজড। বই ইস্যুসহ বিভিন্ন সেবা অনলাইনের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। হিট থেকে অত্যন্ত প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি এ প্রকল্পটি অর্জন করেছে। এ প্রকল্পের মাধ্যমে লাইব্রেরিতে একটি বৈশ্বিক মানসম্পন্ন পরিবেশ গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুনুর রশীদ খান। তিনি বলেন, উন্নত দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে লাইব্রেরি ভিজিট শিক্ষাজীবনের গুরুত্বপূর্ণ অংশ। আমাদের দেশে সাধারণত লাইব্রেরিকে শুধু বইয়ের সমাহার হিসেবে দেখা হয়, কিন্তু আধুনিক লাইব্রেরি তার চেয়ে অনেক বিস্তৃত। তথ্যপ্রযুক্তির বিকাশের সঙ্গে লাইব্রেরিও ডিজিটাল রূপ পেয়েছে। খুলনা

বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে যে সুযোগ-সুবিধা রয়েছে, তা শুরু থেকেই ছিল না। বিশ্ববিদ্যালয় সম্পর্কে জানতে শিক্ষার্থীদের লাইব্রেরি মুখী হতে হবে এবং জ্ঞানচর্চার এই প্রাণকেন্দ্রকে সক্রিয়ভাবে ব্যবহার করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোঃ নূরুন্নবী বলেন, বিদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে লাইব্রেরির চিত্র ভিন্ন। সেখানে লাইব্রেরিকে ঘিরে চর্চার পরিসর অনেক বিস্তৃত। প্রযুক্তির অগ্রগতির ফলে লাইব্রেরিতে এসেছে বড় পরিবর্তন। ডিজিটাল বুক ইস্যু, ই-বুক, আর্কাইভসহ নানা সুবিধা এখন যুক্ত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে খুলনা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে আরও আধুনিক সুযোগ-সুবিধা যুক্ত হবে বলে তিনি

আশা প্রকাশ করেন। শিক্ষার্থীদের এসব সুবিধা সম্পর্কে অবগত হয়ে তা কাজে লাগানোর আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ গোলাম রাফিকু। সঞ্চালনা করেন লাইব্রেরি অফিসার ফারহানা আফরিন। ট্রেনিং প্রোগ্রামে পদার্থবিজ্ঞান ডিসিপ্লিনের ২৫ ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।